ইত্তেফাক

তারিখ 05 NOV 1985 ... ...
পৃষ্ঠা... .. ..l... কলাম...l ... ...

৮৫০

003

# আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হইয়াছে। এবারের আলিম পরীক্ষায় পাসের হার শতকরা ৭১, ফাজিল পরীক্ষায় শতকরা ৬৫ দশমিক ৬১ ও কামিল পরীক্ষায় শতকরা ৪৪ দশমিক ৫৩।

১৯৮৫ সনের কামিল পরীক্ষায় ২ হাজার ৮ শত ৪৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। উত্তীর্ণ ১ হাজার ২ শত ৬৮

( ৮ম পৃ: ১-এর ক: দ্র: )

## আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

(১ম পৃঃ পর)

জনের মধ্যে ১৬ জন প্রথম বিভাগ, ৪ শত ৩১ জন দ্বিতীয় বিভাগ ও অবশিষ্ট ৮ শত ২১ জন তৃতীয় বিভাগ পায়। কামিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম হইয়াছেন ঢাকার মাদ্রাসা-ই-আলিয়ার ছাত্র মোহাম্মদ ইউনুছ। ফাজিল পরীক্ষায় অবতীর্ণ ৭ হাজার ২ শত ৪৮ জনের মধ্যে ৪ হাজার ৭ শত ৫৬ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। ২ শত ৫৭ জন প্রথম বিভাগে, ২ হাজার ১ শত ৮২ জন দ্বিতীয় বিভাগে ও ২ হাজার ৩ শত ১৭ জন তৃতীয় বিভাগে পাস করে। গাজীপুরের মদিনাতুল উলুম আলিয়া মাদ্রাসার আবু তৈয়ব মোহাম্মদ আহসান উল্লাহ ফাজিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান পাইয়াছেন। এবারের আলিম পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ১৪ হাজার ৫ শত ৩৭ জন। তন্মধ্যে ১০ হাজার ২ শত ৮৫ জন উত্তীর্ণ হয়। প্রথম বিভাগ পায় ৪ শত ৩৮ জন, দ্বিতীয় বিভাগ ৪ হাজার ৫ শত ১১ জন ও তৃতীয় বিভাগ ৫ হাজার ৩ শত ৩৬ জন। এই পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হইয়াছেন ছারছীনা দারুস সুন্নাত আলিয়া মাদ্রাসার মোঃ রফিকুল ইসলাম।

গত জুন-জুলাই মাসে অনুষ্ঠিত কামিল পরীক্ষায় মাত্র ১৬ জন ছাত্রী অংশগ্রহণ করে। ফাজিল পরীক্ষায় ৯১ জন ও আলিম পরীক্ষায় ১ শত ৬৯ জন ছাত্রী অবতীর্ণ হয়।